



From : Dr. Bappaditya Mandal  
Principal

# SONAMUKHI COLLEGE

P.O. - Sonamukhi, Dist. - Bankura,  
West Bengal, India - 722 207

NAAC : B(2.37) 2016 - 1st Cycle

www.sonamukhicollegebankura.com  
sonamukhicol@gmail.com  
(91)03244-275251

Ref. No. : 202009111108/SC/Notice

Date: 11/09/2020

## বিজ্ঞপ্তি 6th Semester ছাত্র-ছাত্রীদের জন্য

এতদ্বারা জানানো যাচ্ছে যে, 6th semester এর ছাত্র-ছাত্রীরা, যারা এখনো 2019-20 শিক্ষাবর্ষের শেষ ছয় মাসের টিউশন ফি জমা দিতে পারেনি, তাদেরকে বলা হচ্ছে online পদ্ধতিতে কলেজের login id ব্যবহার করে জমা করার জন্য। BKU Exam fees ও Tuition fees, দুটির মধ্যে কোনো সম্পর্ক নেই। BKU Exam fees দিতে হবে BKU unitrack portal এর মাধ্যমে, BKU Login id ব্যবহার করে। Tuition fee দিতে হবে কলেজের Login id ব্যবহার করে। BKU COE দপ্তর থেকে BKU website এ খুব শীঘ্রই 6th semester final Exam নির্দেশিকা প্রকাশিত হবে। ছাত্র-ছাত্রীদের এই বিষয়ে নজর দেওয়ার জন্য নির্দেশ দেওয়া হচ্ছে। এছাড়াও কলেজের ওয়েবসাইটেও নজর দেওয়ার নির্দেশ দেওয়া হচ্ছে।

6th Semester এর পরীক্ষা নেওয়া হবে মূলত অনলাইন পদ্ধতিতে। BKU CoE নির্দেশিকা শীঘ্রই BKU website এ পাওয়া যাবে। যাদের বাড়ির কাছাকাছি internet পরিষেবা খুবই দুর্বল বা প্রায় নেই বললেই চলে, অথবা অ্যান্ড্রয়েড ফোন ব্যবহার করার সুযোগ নেই, তারাই কেবল কলেজের সাহায্য নেওয়ার জন্য যোগাযোগ করবে, কলেজের email-id smk6exam@gmail.com তে। অনুমতি ছাড়া কলেজে ভিড় করলে, পরিষেবা পুরোপুরি ব্যাহত হবে। ছাত্র-ছাত্রীদের নির্দেশ দেওয়া হচ্ছে ছাত্র-ছাত্রীরা কলেজে ভিড় বা জমায়েত করতে পারবে না। যদি ভিড় বেশি হয়, তাহলে পুরোপুরি বন্ধ করে দেওয়া হবে পরিষেবা দেওয়া। সুরক্ষা দূরত্ব বজায় রাখা ছাত্র-ছাত্রীদের কর্তব্য। একটাই উদ্দেশ্য, ছাত্র-ছাত্রীদের প্রথমে সুরক্ষা, তারপর পরীক্ষা।

Lockdown চলাকালীন ই-মাধ্যমে পড়াশোনার সাথে সাথে, Internal Assessment এর সময় দেখা গেছে, বিভিন্ন বৈদ্যুতিন মাধ্যমের সাহায্য নিয়ে, ষষ্ঠ সেমিস্টারের ছাত্র-ছাত্রীরা সুরক্ষাকে অগ্রাধিকার দিয়ে নিজেদের উত্তরপত্র সুষ্ঠুভাবে অনলাইনে পাঠাতে পেরেছে। তাই সোনামুখী কলেজের ষষ্ঠ সেমিস্টারের ছাত্র-ছাত্রীরা অনলাইন পদ্ধতিতে বিশ্ববিদ্যালয়ের পরীক্ষায় অংশগ্রহণ করে নিজেদেরকে প্রযুক্তিগতভাবে আধুনিক প্রমাণ করার আরো একবার চেষ্টা করবে। অবশ্যই করবে। অবশ্যই করতে হবে। সোনামুখী কলেজের ষষ্ঠ সেমিস্টারের সমস্ত ছাত্র-ছাত্রীরা, নিজেদের সুরক্ষাও বজায় রাখবে, ও সাথে সাথে পারদর্শিতা প্রকাশে পিছিয়ে থাকবে না।

## বিজ্ঞপ্তি 2019-20 শিক্ষাবর্ষের দ্বিতীয় ও চতুর্থ সেমিস্টারের ক্ষেত্রে প্রযোজ্য।

2019-20 শিক্ষাবর্ষে যারা ২য় ও ৪র্থ সেমিস্টারের কলেজ fees জমা করতে পারেনি, তারা কলেজের loginid তে ঢুকে PayU তে নিজের email id ও নিজের মোবাইল নাম্বার দেওয়ার পরে payment করবে।

২য় ও ৪র্থ সেমিস্টারের পরীক্ষা সংক্রান্ত কোন বিজ্ঞপ্তি যখনই সরকারের পক্ষ থেকে বা উচ্চ শিক্ষা দপ্তর থেকে অথবা বিশ্ববিদ্যালয় থেকে পাওয়া যায় তবেই বিজ্ঞপ্তি দেওয়া হবে।

এছাড়া, 2020-21 শিক্ষাবর্ষের তৃতীয় ও পঞ্চম সেমিস্টারের সম্ভাব্য ছাত্র-ছাত্রী যারা এখনো ভর্তি ফি ও অন্যান্য ফি College Portal এ Login করে জমা করতে পারেনি তাদের জন্যও সময়সীমা বর্ধিত করা হলো।

**উপরোক্ত সমস্ত শিক্ষাবর্ষের সমস্ত সেমিস্টারের ক্ষেত্রে শেষ সময়সীমা হল 16<sup>th</sup> Sept -25<sup>th</sup> Sept 2020।**

কেবলমাত্র COVID-19 কে লক্ষ্য করে এই বর্ধিত সময়সীমা। এখনো লক্ষ্য করা যাচ্ছে যে, কলেজের ছাত্র-ছাত্রীদের মধ্যে কেউ কেউ ভুল email id দিচ্ছে, online payment করার সময়। সঠিক email id দিলে তোমাদের নিজস্ব email এ fees receipt দেখতে পাবে ডাউনলোড করতে পারবে। সময় সীমা পেরিয়ে গেলে সরকারি বিভিন্ন দপ্তরে বা বিশ্ববিদ্যালয়ে বিভিন্ন দপ্তরে clearance ছাত্র-ছাত্রীদের সুবিধার্থে সময় মত দেওয়া সম্ভব হবে না। তাই, ছাত্র-ছাত্রীদের নির্দেশ দেওয়া হচ্ছে বিষয়টিতে তৎপর হওয়ার জন্য।

সমস্ত ছাত্র-ছাত্রীদের সুরক্ষা ও সুস্থতা কামনায়, সমস্ত শিক্ষক, শিক্ষা কর্মী ও অধ্যক্ষ।

11/9/2020